

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০২.১৬-৪৩৫

তারিখ: ২২/০৩/২০১৭ খ্রি.

সরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের নিবন্ধন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

- ক) সরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত হজযাত্রীগণ নির্বাচিত প্যাকেজের অবশিষ্ট অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে নিবন্ধন সম্পন্ন করবেন। এজন্য, হজযাত্রীগণ মাহরামসহ একইসঙ্গে হজে যাওয়ার জন্য নিবন্ধন ফরম পূরণ করে ইউডিসি, ইসলামিক ফাউন্ডেশন, জেলা প্রশাসকের কার্যালয় বা হজ অফিস, ঢাকার মাধ্যমে নিবন্ধন ভাউচার তৈরী করতে পারবেন। ২০১৭ সনের হজ প্যাকেজ-১ এর হজযাত্রীদের অবশিষ্ট ৩,৫৩,৫০৮/- (তিন লক্ষ তিপ্পান্ন হাজার পাঁচশত আট) টাকা এবং হজ প্যাকেজ-২ এর হজযাত্রীদের ২,৯১,৩৫৫/- টাকা সোনালী ব্যাংক লি., স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকার ০০০২৩৩০০৯০৮ (Sale proceeds of Hajj Deposit) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের একাউন্টের বিপরীতে জমা প্রদান করতে হবে।
- খ) ই-হজ ব্যবস্থাপনার সাথে সমন্বয়ের জন্য সরকারি হজযাত্রীগণের পাসপোর্ট স্ক্যান করে নিবন্ধন তথ্য পূরণ করতে হবে। সরকারি ব্যবস্থাপনায় গমনেছু হজযাত্রীগণ পাসপোর্ট বিষয়ে হজ প্যাকেজ ১৪৩৮ হিজরি (২০১৭) এর ৪.১ অনুচ্ছেদ অনুসরণ করবেন।
- গ) সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের হজগাইডের জন্য সংশোধিত বিজ্ঞপ্তি স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০২.১৬-৩৮২ তারিখ: ০৯/০৩/২০১৭ খ্রি. এবং হজগাইড বাছাই ও কর্মপরিশি সংক্রান্ত নির্দেশিকা অনুসরণ করতে হবে।
- ঘ) ২০১৭ সনের হজ প্যাকেজ অনুযায়ী হজযাত্রীদের নিবন্ধন কার্যক্রম ২৮ হতে ৩০ মার্চ, ২০১৭ খ্রি. পর্যন্ত চালাবে।



মোঃ আবুল হাসান
সিনিয়র সহকারী সচিব (হজ-১)
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ফোন : ৯৫৮৪৩২২ (অফিস)